১৩/৩/২৬

সমবায় অফিস,
পীরগঞ্জ রংপুর
ডাইরী নং ৬০
তারিখ ১৩/৩/২৬
৪২/০১

বরাবর,
উপজেলা সমবায় অফিসার
পীরগঞ্জ, রংপুর।

বিষয় ঃ রামনাথপুর প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ এর অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি অনুমোদন এর আবেদন প্রসঙ্গে।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে,রামনাথপুর প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ, রেজি নং-২৮/১৬, তারিখ-১৭/০৪/২০১৬ খ্রিঃ ,পীরগঞ্জ, রংপুর এর নির্বাচিত কমিটির মেয়াদ ২০/০২/২০২৩ খ্রিঃ শেষ হয়েছে। উক্ত সমিতির কার্যক্রম পুনরায় শুরু এবং নিয়মিত কার্যক্রম পরিচালনার জন্য পূর্ণাঙ্গ ব্যবস্থাপনা কমিটি গঠন করা দরকার। আরও উল্লেখ থাকে যে, অত্র সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার কম। সমবায় সমিতির আইন ও বিধিমালার আলোকে নিয়মিত কমিটি গঠন করার লক্ষ্যে সমিতিতে বিগত ০২/০৩/২০২৩ ইং তারিখে সভার রেজুলেশনের সিদ্ধান্ত মোতাবেক একটি নিরপেক্ষ ০৩ ( তিন ) সদস্য বিশিষ্ট অনন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির প্রস্তাব গ্রহণ করা হয়েছে। যা নিম্নরুপ।

| ক্রঃ নং | নাম | পদবী | পরিচিতি |
|---|---|---|---|
| ১ | মোঃ আকবর আলী | সভাপতি | সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়,পীরগঞ্জ, রংপুর |
| ২ | মোঃ সাহেব আলী | সদস্য | সদস্য পরিচিতি নং-২৪ |
| ৩ | মোঃ মিন্টু | সদস্য | সদস্য পরিচিতি নং-১৯ |

বিধায় প্রার্থনা উল্লেখিত অন্তবর্তী কমিটি অনুমোদন এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে জনাবের মর্জি হয়।

সংযুক্ত ঃ সমিতির সিদ্ধান্ত নং -০৩ এর ফটোকপি।

নিবেদক

(সভাপতি)
রামনাথপুর প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী
সমবায় সমিতি লিঃ
পীরগঞ্জ, রংপুর।

প্রতিষ্ঠানের নামঃ রামনাথপুর প্রাথমিক দুগ্ধউৎপাদনকারী সমবায় সমিতি লিঃ রামনাথপুর ,পীরগঞ্জ ,রংপুর ।

ঠিকানাঃ রামনাথপুর ,পীরগঞ্জ ,রংপুর ।

অধিবেশন নং ঃ. .. স্থানঃ সমিতির কার্যালয়

সময় ঃ ১০.০০ ঘটিকায় হইতে...................... পর্যন্ত। তারি ০২/০৩/২৩

আলোচ্য সূচীঃ

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ কেরামত আলী | সভাপতি | কেরামত |
| ০২ | মোঃ তারা মিয়া | সদস্য | তারা |
| ০৩ | মোঃ পলাশ মিয়া | সদস্য | পলাশ |
| ০৪ | মোঃ শাহজাহান | সদস্য | শাহজাহান |
| ০৫ | মোঃ মোজাম্মেল হক | সদস্য | মোজাম্মেল |
| ০৬ | মোঃ মিজানুর রহমান | সদস্য | মিজানুর |

অদ্যকার সভায় প্রাক্তন ব্যবস্থাপনা কমিটির সভাপতি মোঃ কেরামত আলী সভাপতিত্বে আরম্ভ করা হইল। সভায় আলোচ্য সূচী মোতাবেক আলোচনা করিয়া নিম্ন লেখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ গৃহিত হইল।

আলোচ্য সূচী

| ক্রঃনং | |
|---|---|
| ০১ | সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন এবং উহা অনুমদনের জন্য প্রস্তাবনা প্রেরণ । |
| ০২ | বিবিধ। |

০১ নং আলোচ্য সূচী ঃ

আলোচ্য সভার শুরুতে সভাপতি সাহেব সকলকে অবহিত করেন যে,

" রামনাথপুর প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির মেয়াদ উত্তির্ন হয়েছে বর্তমানে সমিতিতে ব্যবস্থাপনায় শূন্যতা বিরাজ করছে তাই অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন করা প্রয়োজন সমবায় সমিতি সমিতি আইন ও বিধিমালা মোতাবেক নিমোক্ত ভদ্রমহোদয়ের সমন্বয়ে একটি অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন করা হইল এবং উহা অনুমোদনের জন্য উপজেলা সমবায় অফিসার পীরগঞ্জ রংপুর মহোদয়ের বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয় ।

০২ নং আলোচ্য সূচী ঃ বিবিধ বিষয়ে আর কোন আলোচনা থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

| ক্রঃনং | নাম | পদবী | পরিচিতি |
|---|---|---|---|
| ০১ | মোঃ আকবর আলী | সভাপতি | সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, পীরগঞ্জ, |
| ০২ | মোঃ সাহেব আলী | সদস্য | সদস্য পরিচিতি নং-২৪ |
| ০৩ | মোঃ মিন্টু মিয়া | সদস্য | সদস্য পরিচিতি নং-১৯ |

সভাপতি
রামনাথপুর প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী
সমবায় সমিতি লিঃ,পীরগঞ্জ,রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় অফিসারের কার্যালয়
পীরগঞ্জ, রংপুর।

আদেশ নং- ৪৭.৬১.৮৫৭৬.০০০৪২.০০১.১০০ তারিখঃ ১৫/০৩/২০২৩ ইং

অত্র উপজেলাধীণ রামনাথপুর প্রাথমিক দুগ্ধ সমবায় সমিতি লিঃ এর ব্যাবস্থাপনা কমিটির মেয়াদ গত ২০/০২/২০২৩ খ্রিঃ তারিখে উত্তীর্ণ হয়েছে এবং সমিতির ব্যাবস্থাপনায় বর্তমানে শূন্যতা বিরাজ করছে। এমতাবস্থায় সমিতির ব্যাবস্থাপনা নির্বাহ ও নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে এবং সমিতির কর্তক ০২/০৩/২০২৩ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী আবেদনের প্রেক্ষিতে সমবায় সমিতি আইন,২০০১ এবং সমবায় সমিতির (সংশোধন)আইন,২০১৩ এর ১৮(৫) ধারা মোতাবেক সরকারী কর্মকর্তার সমন্বয়ে নিম্নলিখিত সদস্যগণের সমন্বয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি অন্তবর্তী ব্যাবস্থাপনা কমিটি নিয়োগ করা হলো।

| ক্রঃ নং | প্রস্তাবিত সদস্যগনের নাম | পদবী | মোবাইল |
|---|---|---|---|
| ০১ | মোঃ আকবর আলী | সভাপতি | সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় পীরগঞ্জ,রংপুর। |
| ০২ | মোঃ সাহেব আলী | সদস্য | রামনাথপুর প্রাথমিক দুগ্ধ সমবায় সমিতি লিঃ সদস্য নং২৪ |
| ০৩ | মোঃ মিন্টু | সদস্য | রামনাথপুর প্রাথমিক দুগ্ধ সমবায় সমিতি লিঃ সদস্য নং১৯ |

উক্ত কমিটির মেয়াদকাল নিয়োগের তারিখ হতে ১২০(একশত বিশ)দিন পর্যন্ত বলবৎ থাকবে।নিয়োগকৃত কমিটি নির্ধারীত সময়সীমার মধ্যে নির্বাচন করে নির্বাচিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করবেন।

সাক্ষরিত/-
(মোছাঃ মাহফুজা বেগম)
উপজেলা সমবায় অফিসার
পীরগঞ্জ,রংপুর।

স্মারক নং- ৪৭.৬১.৮৫৭৬.০০০৪২.০০১.১০০ তারিখঃ ১৫/০৩/২০২৩ ইং

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থ্যগ্রহনের জন্য প্রেরিত হলো।

০১।জনাব মোঃ আকবর আলী সভাপতি অন্তবর্তী ব্যাবস্থপনা কমিটি রামনাথপুর প্রাথমিক দুগ্ধ সমবায় সমিতি লিঃ।

০২।প্রাক্তন সভাপতি/ সম্পাদক রামনাথপুর প্রাথমিক দুগ্ধ সমবায় সমিতি লিঃ।তাহাকে নিয়োগকৃত কমিটির দায়িত্বভার হস্তান্তর করার জন্য অনুরোধ করা হলো।

০৩।জেলা সমবায় অফিসার রংপুর।

০৪। অফিস কপি।

১৫/৩/২৩
উপজেলা সমবায় অফিসার
পীরগঞ্জ,রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
পীরগঞ্জ রংপুর।

স্মারক নং- ৪৭.৬১.৮৫৭৬.০০০.৪২.০০১.৯২ তারিখঃ ০৯ /০৩ /২০২৩ খ্রিঃ।

অফিস আদেশ

**" প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ" সেবাটি সমবায় বিভাগে অত্যন্ত গুরুত্বপূর্ন।** এ সেবাটি সঠিকভাবে তারা পায় না। সমবায় সমিতি আইন ২০০১ এর ১৮(৫) ধারা মূলে যে সকল সমবায় সমিতি ব্যবস্থাপনা কমিটির মেয়াদকালের মধ্যে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন করা না হলে মেয়াদ পুর্তির সাথে সাথেই উক্ত কমিটি বিলুপ্ত হইবে এবং নিবন্ধক সংশ্লিষ্ট সমবায় সমিতির ব্যাবস্থাপনা নির্বাহ ও নির্বাচন অনুষ্ঠানের জন্য সমিতির সদস্য বা সরকারি কর্মকর্তার সমন্বয়ে ১২০ (একশত বিশ) দিনের জন্য একটি অন্তবর্তী **ব্যবস্থাপনা কমিটি** নিয়োগ করবেন। সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধন২০০২ ও ২০১৩ এর ১৮(৫) ধারা মোতাবেক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হয়। সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/-টাকার কম হলে উপজেলা সমবায় অফিসার এবং পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/-টাকার বেশী হলে জেলা সমবায় অফিসার এ নিয়োগ প্রদান করেন। সমবায় সমিতি একটি আর্থিক প্রতিষ্ঠান। আয়-ব্যয় নির্বাহসহ সমিতির দৈনন্দিন কার্যক্রম ব্যবস্থাপনা কমিটি পরিচালনা করেন। কোন সমবায় সমিতিতে বৈধ ব্যবস্থাপনা কমিটি না থাকলে মেয়াদোত্তীর্ণ কমিটির ব্যক্তিদের দ্বারা সমিতি পরিচালনা করার প্রবণতা পরিলক্ষিত হয়। এতে করে উক্ত সময়ে সমিতি পরিচালনায় আর্থিক ও ব্যবস্থাপনাগত জটিলতা সৃষ্টি হয়। যেহেতু, সমবায় সমিতি একটি বিধিবদ্ধ প্রতিষ্ঠান সেহেতু সমবায় সমিতির পক্ষে সমবায়ের ব্যবস্থাপনা কমিটির আবেদনের প্রেক্ষিতে যাবতীয় সেবা প্রদান করা হয়। মেয়াদোত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটি অনেক সময় নিজ স্বার্থে হোক বা নিয়ম-কানুন না জানার কারণেই হোক অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন প্রেরণ করতে পারেন না। সমবায় সমিতির ব্যবস্থাপনায় ধারাবাহিকতা আনয়ন এবং স্বচ্ছতা নিশ্চিত করা হলে প্রকারন্তরে সাধারণ সদস্যদের স্বার্থ রক্ষা করা সম্ভব হবে। এজন্য সেবাটি সহজ করা প্রয়োজন।

সমবায় অধিদপ্তরের স্মারক নং-১৫, তারিখঃ ২৭-০২-২০২৩খ্রিঃ স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা সমবায় কার্যালয়ের জন্য **" প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ"** সেবাটিকে সহজিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার (১.১.১) এর সেবা সহজিকরণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা রয়েছে।

(।) সমবায় অধিদপ্তরের স্মারক নং-১৫, তারিখঃ ২৭-০২-২০২৩খ্রিঃ স্মারক পত্রের নির্দেশনার প্রেক্ষিতে উপজেলা সমবায় কার্যালয়, পীরগঞ্জ রংপুর এর **" প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ"** সেবাটি সহজিকরণ প্রস্তাব সম্বলিত পূর্ণাঙ্গ ডকুমেন্টস অনুমোদনের জন্য জেলা সমবায় কার্যালয় রংপুরে প্রেরণ করা হয়। জেলা সমবায় কার্যালয় রংপুরে অনুমোদনের প্রেক্ষিতে **" প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ"** সেবাটি এখন হতে নিম্নরূপভাবে প্রদান করা হবে।

**" প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ" এর ধাপ সমুহ**

১। ব্যবস্থাপনা কমিটি ১ দিনের মধ্যে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের লক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান এবং সরবরাহকৃত রেজুলেশন ও আবেদনের ফরম্ পুরণ করবে ।
২। পুরণকৃত আবেদন ও রেজুলেশন উপজেলা সমবায় দপ্তরে সরাসরি বা মেইলে প্রেরণ।
৩। উপজেলা সমবায় অফিসার কর্তৃক আবেদন গ্রহণ
৪। উপজেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরিভুক্তকরণ ও নথিতে উপস্থাপন
৫।সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার উর্ধে হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রাপ্ত ফর্মের নির্দিষ্টস্থানে স্বাক্ষর পূর্বক জেলায় প্রেরণ । সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা বা কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন এবং আদেশ প্রদান।
৬। পত্র জারীকরণ এবং জেলা অফিসে/সমিতিতে প্রেরণ
৭। জেলা সমবায় অফিসার কর্তৃক গ্রহণ ।
৮। জেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরিভুক্তকরণ
৯। জেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক নথিতে উপস্থাপন
১০। জেলা সমবায় অফিসার কর্তৃক অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ এবং ইমেইল বা ই-নথিতে জারী করে সমিতিতে এসএমএস প্রেরণ।

স্মারক নং- ৪৭.৬১.৮৫৭৬.০০০.৪২.০০১.৯২/১(২) তারিখঃ ০৯ /০৩ /২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-
১। সভাপতি/ সম্পাদক,..............................................................সমবায় সমিতি লিঃ, পীরগঞ্জ, রংপুর।
১। জেলা সমবায় অফিসার, রংপুর।
২। অফিস নথি।

৯/৩/২০২৩

উপজেলা সমবায় অফিসার
পীরগঞ্জ, রংপুর।